
# বাড়িতে অগ্নি নিরাপত্তা

FIRE KILLS
LET'S PREVENT IT

ROYAL BERKSHIRE
FIRE AND RESCUE SERVICE

Bengali




## আপনি কী জানতেন...?

- আপনার বাড়িতে যদি কোনও কার্যকরী স্মোক অ্যালার্ম না থাকে তবে আপনার আগুনে মারা যাওয়ার সম্ভাবনা প্রায় আটগুণ বেশি।
- বাড়ির আগুনের প্রায় অর্ধেকই রান্নার দুর্ঘটনার কারণে ঘটে।
- দিনে দুটি অগ্নিকাণ্ড মোমবাতি দ্বারা শুরু হয়।
- সিগারেটের কারণে সৃষ্ট আগুনে প্রতি ছয়দিনে একজন মারা যায়।
- দিনে প্রায় তিনটি অগ্নিকাণ্ড হিটার দ্বারা শুরু হয়।
- ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক (যন্ত্রপাতি, তারের এবং ওভারলোডেড সকেট) প্রতি বছর সারা দেশে প্রায় 4,000 অগ্নিকাণ্ডের কারণ হয়।

# PROTECT YOUR HOME WITH SMOKE ALARMS



## স্মোক অ্যালার্ম দিয়ে আপনার বাড়ি রক্ষা করুন

**আপনার বাড়ি এবং পরিবারকে আগুন থেকে রক্ষা করার সবচেয়ে সহজ উপায় হলো সক্রিয় স্মোক অ্যালার্মগুলি।**

**এগুলো আনুন। এগুলোলাগান। এগুলো পরীক্ষা করুন। এগুলো আপনার জীবন বাঁচাতে পারে।**



## আপনার স্মোক অ্যালার্মগুলি নির্বাচন করা

- আপনার বাড়ির প্রতিটি স্তরে কমপক্ষে একটি স্মোক অ্যালার্ম লাগান।
- দয়া করে সচেতন থাকুন যে কিছু শিশু স্মোক অ্যালার্ম দ্বারা জাগ্রত নাও হতে পারে।
- স্মোক অ্যালার্ম সস্তা এবং ইনস্টল করা সহজ।
- এগুলো ডিআইওয়াই স্টোর, বৈদ্যুতিক দোকান এবং বেশিরভাগ হাই স্ট্রীট সুপারমার্কেট থেকে পাওয়া যায়।
- এই চিহ্নগুলির মধ্যে একটির সন্ধান করুন, যা দেখায় যে অ্যালার্মটি অনুমোদিত এবং নিরাপদ।

British Standard Kitemark

- দশ-বছর মেয়াদি সিল করা ব্যাটারি থাকা স্মোক অ্যালার্মগুলি সর্বোত্তম বিকল্প। এগুলো একটু বেশি ব্যয়বহুল, কিন্তু আপনি ব্যাটারি প্রতিস্থাপন খরচ বাঁচাতে পারবেন।
- বেছে নেওয়ার জন্য বিভিন্ন ধরনের মডেল রয়েছে। আপনার স্থানীয় ফায়ার অ্যান্ড রেসকিউ সার্ভিস আপনাকে পরামর্শ দিতে পেরে খুশি হবে যে কোনটি আপনার জন্য সবচেয়ে উপযুক্ত।.




**সেরা উপদেশ**



**স্মোক অ্যালার্ম লাগান**

# আপনার স্মোক অ্যালার্মগুলি যে কাজ করছে তা কীভাবে নিশ্চিত করবেন

**কমপক্ষে প্রতি মাসে আপনার স্মোক অ্যালার্মগুলি পরীক্ষা করুন।**

- যদি আপনার কোনও স্মোক অ্যালার্মে এক বছরের ব্যাটারি থাকে তবে নিশ্চিত হয়ে নিন যে এটি যেন প্রতি বছর পরিবর্তিত হয়। আপনার যখন এটি প্রতিস্থাপন করার প্রয়োজন হয় তখন কেবল ব্যাটারিটি বের করে নিন।
- ভুল করে বন্ধ হয়ে গেলে আপনার অ্যালার্ম থেকে ব্যাটারিগুলি কখনই সংযোগ বিচ্ছিন্ন করবেন না বা বের করবেন না।
- স্ট্যান্ডার্ড ব্যাটারি চালিত অ্যালার্মগুলি সবচেয়ে সস্তা বিকল্প, তবে ব্যাটারিগুলি প্রতি বছর প্রতিস্থাপন করা দরকার।
- অনেক লোক ব্যাটারি পরীক্ষা করতে ভুলে যায়, তাই দীর্ঘমেয়াদি ব্যাটারি ভাল।

**সেরা উপদেশ**



**এটি পরীক্ষা করুন**

- মেইনস-চালিত অ্যালার্মগুলি আপনার বাড়ির পাওয়ার সাপ্লাই দ্বারা চালিত হয় এবং পাওয়ার কাটের ক্ষেত্রে একটি ব্যাক-আপ ব্যাটারি থাকে। এগুলো একটি যোগ্যতাসম্পন্ন ইলেক্ট্রিশিয়ান দ্বারা ইনস্টল করা প্রয়োজন এবং, ব্যাটারি অ্যালার্মগুলোর মতন, এগুলোরও পরীক্ষার প্রয়োজন।
- স্মোক অ্যালার্মগুলি পরীক্ষা করে স্মোক সেন্সরের পাশাপাশি পাওয়ার সাপ্লাই এবং/অথবা ব্যাটারি পরীক্ষা করে।
- আপনি এমনকি লিঙ্কযুক্ত অ্যালার্মগুলি ইনস্টল করতে পারেন, যাতে যখন একটি অ্যালার্ম আগুন সনাক্ত করে তখন এগুলোর সবকটি একসাথে বেজে উঠে। আপনি যদি কোনও বড় বাড়িতে বা বেশ কয়েক তলা উপরে থাকেন তবে এটি কার্যকর।


যারা বধির বা শ্রবণকঠিন (কানে কম শোনেন) তাদের জন্য স্ট্রোব লাইট এবং স্পন্দিত-প্যাড অ্যালার্ম পাওয়া যায়। **0808 808 0123** বা টেক্সটফোন **0808 808 9000** এ এক্‌শন অন্‌ হিয়ারিং লস ইনফরমেশন লাইনের সাথে যোগাযোগ করুন।




# আপনার স্মোক অ্যালার্মগুলি লাগানো

**আদর্শ অবস্থানটি ছাদে, একটি ঘরের মাঝখানে, এবং হলওয়ে এবং ল্যান্ডিংয়ে, যাতে আপনি আপনার বাড়ি জুড়ে একটি অ্যালার্ম তথা সতর্ক ঘন্টা শুনতে পারেন।**

- রান্নাঘর বা এর কাছাকাছি অথবা বাথরুমগুলিতে অ্যালার্মগুলি রাখবেন না যেখানে ধোঁয়া বা বাষ্প দুর্ঘটনাক্রমে এগুলোকে চালু করে দিতে পারে।
- যদি আপনার পক্ষে স্মোক অ্যালার্মগুলি লাগানো কঠিন হয় তবে সাহায্যের জন্য আপনার স্থানীয় ফায়ার অ্যান্ড রেসকিউ সার্ভিসের সাথে যোগাযোগ করুন। তারা আপনার জন্য এগুলো লাগাতে পারলে খুশি হবে।







## আপনার স্মোক অ্যালার্মগুলির যত্ন নেওয়া


- আপনার স্মোক অ্যালার্মগুলি পরীক্ষা করা আপনার নিয়মিত পারিবারিক রুটিনের অংশ করে তুলুন।
- অ্যালার্মটি বাজানো না হওয়া পর্যন্ত বোতামটি টিপে তাদের পরীক্ষা করুন। যদি এটি শব্দ না করে তবে আপনাকে ব্যাটারিটি বদলাতে হবে।
- ধূলিকণা দূর করতে প্রতি ছয় মাস অন্তর আপনার স্মোক অ্যালার্ম ভ্যাকুয়াম করুন।
- যদি একটি স্মোক অ্যালার্ম নিয়মিতভাবে বিপ করতে শুরু করে তবে আপনাকে অবিলম্বে ব্যাটারিটি বদলাতে হবে।
- যদি এটি দশ বছরের অ্যালার্ম হয় তবে আপনাকে প্রতি দশ বছর অন্তর পুরো অ্যালার্মটি বদলাতে হবে।

### অন্যান্য সরঞ্জাম যা আপনি বিবেচনা করতে পারেন


- আগুনের কম্বল তথা ব্লাংকেটগুলি আগুন নেভানোর জন্য বা এমন কোনও ব্যক্তিকে মোড়ানোর জন্য ব্যবহার করা হয় যার পোশাকে আগুন ধরেছে। এগুলো রান্নাঘরে রাখাই ভালো।
- আগুন যদি খুব ছোট হয় বা আপনার প্রস্থান বন্ধ করে দেয় তবে অগ্নিনির্বাপক যন্ত্রগুলি উপকারী হতে পারে। আপনি যদি কোনও অগ্নিনির্বাপক যন্ত্র ব্যবহার করতে চান তবে সর্বদা ব্যবহারের আগে নির্দেশাবলী পড়ুন এবং নিজেকে বিপদে ফেলবেন না।
- তাপ অ্যালার্মগুলি রান্নাঘরে আগুন সনাক্ত করতে পারে যেখানে স্মোক অ্যালার্মগুলি স্থাপন করা উচিত নয়।



**এটি পরীক্ষা করুন**



**এটি পরিবর্তন করুন**



**এটি প্রতিস্থাপন করুন**



# HOW TO PREVENT COMMON FIRES

রান্নাঘরে, ইলেকট্রিক, সিগারেট, মোমবাতি

## কিভাবে সাধারণ আগুন প্রতিরোধ করবেন

**এই বিভাগটি আপনাকে বলবে যে আপনি কীভাবে আপনার বাড়িতে আগুন এড়াতে পারেন, যার মধ্যে রয়েছে কীভাবে নিরাপদে রান্না করা যায় এবং বৈদ্যুতিক, হিটার, মোমবাতি এবং সিগারেটের যত্ন নেওয়া যায়।**

# রান্নাঘরে

## নিরাপদে রান্না করুন


**রান্না করার সময় আপনার যদি রান্নাঘর ছেড়ে যাওয়ার প্রয়োজন হয় তবে অতিরিক্ত যত্ন নিন, প্যানগুলি তাপ থেকে সরিয়ে নিন বা ঝুঁকি এড়াতে সেগুলি বন্ধ করুন।**

- অ্যালকোহলের প্রভাবে থেকে রান্না করা এড়িয়ে চলুন।
- চুলায় রান্না করার সময় বাচ্চাদের রান্নাঘরে একা রেখে যাওয়া থেকে বিরত থাকুন। তাদের নিরাপদ রাখতে ম্যাচ এবং সস প্যান হ্যান্ডেলগুলি তাদের নাগালের বাইরে রাখুন।
- নিশ্চিত করুন যে সসপ্যান হ্যান্ডেলগুলি বাইরের দিকে বেরিয়ে না থাকে - যাতে সেগুলো চুলা থেকে ছিটকে না যায়।
- আপনি যদি আলগা পোশাক পরে থাকেন তবে যত্ন নিন – সেগুলোতে সহজেই আগুন ধরতে পারে।
- কুকার এবং চুলা থেকে চায়ের তোয়ালে এবং কাপড় দূরে রাখুন।
- গ্যাস কুকার জ্বালানোর ক্ষেত্রে স্পার্ক ডিভাইসগুলি ম্যাচ বা লাইটারের চেয়ে নিরাপদ, কারণ এগুলোর নগ্ন শিখা নেই।
- রান্না শেষ হয়ে গেলে কুকারটি বন্ধ আছে কিনা তা দুবার পরীক্ষা করুন।


## ইলেকট্রিকের সাথে যত্ন নিন


- ইলেকট্রিক (লীডসমূহ এবং যন্ত্রপাতি) পানি থেকে দূরে রাখুন।
- মাইক্রোওয়েভে ধাতব কিছু রাখবেন না।

**সেরা উপদেশ**



**নাগালের বাইরে রাখুন**







- টোস্টারগুলি পরিষ্কার এবং পর্দা এবং রান্নাঘরের রোলগুলি থেকে দূরে রাখা হয়েছে তা পরীক্ষা করে দেখুন। বেশিরভাগ টোস্টারের একটি স্লাইড আউট ক্রাম্ব ক্যাচার রয়েছে যা আপনাকে পরিষ্কার রাখতে সহায়তা করে।
- ওভেন, হব্ এবং গ্রিল পরিষ্কার এবং ভাল কাজের অবস্থায় রাখুন। চর্বি এবং গ্রীজ্ জমা হলে তা আগুন জ্বালাতে পারে।

## গভীর তেলে চর্বি ভাজা

- গরম তেল দিয়ে রান্না করার সময় যত্ন নিন - এটি সহজেই আগুন জ্বালায়।
- গরম তেলে রাখার আগে খাবারটি শুকনো রয়েছে তা নিশ্চিত করুন যাতে এটি ছিটিয়ে না উঠে।
- যদি তেল হতে ধোঁয়া বের হতে শুরু করে – তাহলে এটি খুব গরম। তাপটি বন্ধ করুন এবং এটি ঠাণ্ডা হওয়ার সময় দিন।
- থার্মোস্ট্যাট নিয়ন্ত্রিত বৈদ্যুতিক ডীপ্ ফ্যাট ফ্রাইয়ার ব্যবহার করুন। এগুলো অতিরিক্ত গরম হতে পারে না।


## প্যানে আগুন লাগলে কী করবেন


- কোনও ঝুঁকি নেবেন না। যদি এটি করা নিরাপদ হয় তবে তাপটি বন্ধ করুন। এর উপর দিয়ে কখনোই পানি নিক্ষেপ করবেন না।
- নিজে আগুন নেভানোর কাজ করবেন না।

**বেরিয়ে যান বাইরে থাকুন**

**এবং 999 এ কল করুন**








# ইলেকট্রিকস্

## কিভাবে বৈদ্যুতিক আগুন এড়ানো যায়

- অতিরিক্ত গরম হওয়া রোধ করতে আপনি সঠিক ফিউজ ব্যবহার করছেন কিনা তা সর্বদা পরীক্ষা করুন।
- আপনি যখন এটি কিনবেন তখন একটি বৈদ্যুতিক সরঞ্জামে একটি ব্রিটিশ বা ইউরোপীয় সুরক্ষা চিহ্ন রয়েছে তা নিশ্চিত করুন।
- কিছু যন্ত্রপাতি, যেমন ওয়াশিং মেশিন, নিজেদের একটি একক প্লাগ থাকা উচিত, কারণ তারা উচ্চ ক্ষমতাসম্পন্ন।
- প্রতি সকেটে একটি করে প্লাগ রাখার চেষ্টা করুন।
- বৈদ্যুতিক পণ্য চার্জ করার সময়, প্রস্তুতকারকের নির্দেশাবলী অনুসরণ করুন এবং সিই চিহ্নটি সন্ধান করুন যা চার্জারগুলিকে ইউরোপীয় নিরাপত্তা মানগুলি মেনে চলার ইঙ্গিত দেয়।

**বৈদ্যুতিক সরঞ্জামগুলি পরিষ্কার এবং ভালো কার্যকর দশায় রাখুন যাতে সেগুলো থেকে আগুন লাগা নিবারণ করা যায়।**

**সেরা উপদেশ**




**ওভারলোড করবেন না**

**একটি এক্সটেনশন লীড বা অ্যাডাপ্টার কতগুলি অ্যাম্পস নিতে পারে তার একটি সীমা থাকবে, তাই আগুনের ঝুঁকি হ্রাস করার জন্য সেগুলো ওভারলোড না করার বিষয়ে সতর্ক থাকুন।**


**অ্যাপ্লায়েন্সগুলি বিভিন্ন পরিমাণে শক্তি ব্যবহার করে - উদাহরণস্বরূপ একটি টেলিভিশন একটি 3 এম্প প্লাগ এবং একটি ভ্যাকুয়াম ক্লিনার একটি 5 এম্প প্লাগ ব্যবহার করতে পারে।**

**সীমা জেনে নিন!**

5 AMP এম্প + 5 AMP এম্প + 3 AMP এম্প = 13 AMP এম্প







- বিপজ্জনক বা আলগা তারের লক্ষণগুলির জন্য আপনার সতর্ক দৃষ্টি রাখুন, যেমন জ্বলন্ত চিহ্ন, গরম প্লাগ এবং সকেট, ফিউজ যা উড়ে যায় বা সার্কিট-ব্রেকারগুলি যা কোনও সুস্পষ্ট কারণ ছাড়াই ট্রিপ্ করে, বা কম্পমান বাতি।
- কোনও পুরানো তার এবং লিড থাকলে সেগুলি পরীক্ষা করুন এবং প্রতিস্থাপন করুন, বিশেষত যদি সেগুলো দৃষ্টি থেকে লুকানো থাকে - আসবাবপত্রের পিছনে বা কার্পেট এবং ম্যাটের নীচে।
- অ্যাপ্লায়েন্সগুলির প্লাগগুলো খুলে রাখলে তা আগুনের ঝুঁকি হ্রাস করতে সহায়তা করে।
- আপনি যখন এপ্লায়েন্সগুলো ব্যবহার করছেন না, যখন সেগুলো পুরোপুরি চার্জ হয়ে যায়, বা যখন আপনি ঘুমাতে চলে যান তখন সেগুলোর প্লাগ খুলে রাখুন।

## আসবাবপত্র


- সর্বদা নিশ্চিত করুন যে আপনার আসবাবপত্রে আগুন-প্রতিরোধী স্থায়ী লেবেল রয়েছে।

## পোর্টেবল (বহনযোগ্য) হিটার

- কোনও প্রাচীরের বিপরীতে হিটারগুলি সুরক্ষিত করার চেষ্টা করুন যাতে সেগুলি পড়ে যাওয়া বন্ধ হয়।
- এগুলি পর্দা এবং আসবাবপত্র থেকে দূরে রাখুন এবং কাপড় শুকানোর জন্য এগুলি কখনই ব্যবহার করবেন না।

## একটি বৈদ্যুতিক কম্বল (ব্লাংকেট) ব্যবহার করা

- অভ্যন্তরীণ তারের ক্ষতি রোধ করতে বৈদ্যুতিক কম্বলগুলি সমতল, ঘূর্ণিত বা আলগাভাবে ভাঁজ করে সংরক্ষণ করুন।
- আপনি ঘুমাতে যাওয়ার আগে ব্লাংকেটগুলোর প্লাগ খুলে রাখুন, যদি না এটির সারা রাত নিরাপদ ব্যবহারের জন্য থার্মোস্ট্যাট নিয়ন্ত্রণ থাকে।
- সেকেন্ড হ্যান্ড (পুরানা) কম্বলগুলি না কেনার চেষ্টা করুন এবং পরিধান এবং টিয়ারের জন্য নিয়মিত পরীক্ষা করুন।
- সর্বদা প্রস্তুতকারকের নির্দেশাবলী অনুসরণ করুন।



## সিগারেট

**সিগারেটগুলি সঠিকভাবে নিভিয়ে ফেলুন এবং সাবধানে সেগুলি ফেলুন। সেগুলো নিভিয়ে ফেলুন। সম্পূর্ণরূপে নিভিয়ে ফেলুন!**

- বিছানায় কখনও ধূমপান করবেন না।
- বাইরে ধূমপান করুন এবং সিগারেটের আগুন সম্পূর্ণভাবে নিভিয়ে ফেলুন - এটি বাড়ির অভ্যন্তরে ধূমপানের চেয়ে নিরাপদ।
- একটি সঠিক অ্যাশট্রে (ছাইদান) ব্যবহার করুন - কখনই বর্জ্য কাগজের ঝুড়ি ব্যবহার করবেন না।
- নিশ্চিত হয়ে নিন যে আপনার অ্যাশট্রেটি যেন উল্টে না পড়ে এবং এটি এমন একটি উপাদান দিয়ে তৈরি যা জ্বলবে না।
- একটি জ্বলন্ত সিগারেট, সিগার বা পাইপ এমনিতে ফেলে রাখবেন না। এগুলো সহজেই পড়ে গিয়ে আগুন ধরিয়ে দিতে পারে।
- ঝুঁকি কমানোর সর্বোত্তম উপায় হল ছেড়ে দেয়ার চেষ্টা করা, আপনার প্রয়োজন হলে এনএইচএস সমর্থন ব্যবহার করে। আপনি যদি ছাড়তে না চান তবে ভ্যাপিং বিবেচনা করুন।
- যদি আপনি ধূমপান করেন তাহলে যখন আপনি ক্লান্ত, যখন প্রেসক্রিপশনের ওষুধ গ্রহণ করেন অথবা আপনি যদি মদ্যপান করেন তখন অতিরিক্ত সাবধানতা অবলম্বন করুন। আপনি ঘুমিয়ে পড়তে পারেন এবং আপনার বিছানা অথবা সোফায় আগুন ধরিয়ে দিতে পারেন।
- সম্পূর্ণ চার্জ হয়ে গেলে প্লাগ হতে ই-সিগারেট খুলে ফেলুন এবং নিশ্চিত করুন যে আপনি সঠিক চার্জার ব্যবহার করছেন।
- কখনও অবৈধভাবে তৈরি সিগারেট পান করবেন না।








**সেগুলো নিভিয়ে ফেলুন। সম্পূর্ণরূপে নিভিয়ে ফেলুন!**



## মোমবাতি

**নিশ্চিত হয়ে নিন যে মোমবাতিগুলি একটি সঠিক ধারকের মধ্যে সুরক্ষিত এবং এমন উপকরণগুলি থেকে দূরে রয়েছে যাতে আগুন ধরতে পারে – যেমন পর্দার মতো জিনিস।**

- আপনি যখন ঘর থেকে বের হন তখন মোমবাতিগুলি নিভিয়ে ফেলুন এবং নিশ্চিত করুন যে সেগুলো যেনো রাতে পুরোপুরি নিভানো থাকে।
- জ্বলন্ত মোমবাতির কাছে শিশুদের একা ছেড়ে দেওয়া উচিত নয়।
- লেড (এলইডি) অথবা ব্যাটারি চালিত মোমবাতি ব্যবহার করার কথা বিবেচনা করুন।
- জ্বলন্ত মোমবাতি থেকে পোষা প্রাণীকে দূরে রাখুন।
- ম্যাচ এবং লাইটারগুলি বাচ্চাদের নাগালের বাইরে রাখুন।
- শুধুমাত্র শিশু প্রতিরোধী লাইটার এবং ম্যাচ বক্স কিনুন।

**ম্যাচবাক্সগুলোতে এখন এই সতর্কতা মোড়ক লাগানো থাকে।**




**বিপদ! আগুন শিশুদের হত্যা করে**




**মোমবাতির ব্যাপারে সাবধান থাকুন**



# নিরাপদ পালানোর পরিকল্পনা করুন


**স্মোক অ্যালার্ম লাগানো নিজেকে আগুন থেকে রক্ষা করার জন্য প্রথম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। কিন্তু রাতে একটি অ্যালার্ম বেজে উঠলে আপনি কী করবেন?**

**এই অংশটি আপনাকে জরুরী অবস্থার জন্য একটি পরিকল্পনা করতে সহায়তা করবে।**




- একটি পালানোর পথ পরিকল্পনা করুন এবং নিশ্চিত করুন যে কীভাবে পালাতে হয় তা যেন সবাই জানে।
- প্রস্থানগুলি পরিষ্কার রাখা হয়েছে তা নিশ্চিত করুন।
- সর্বোত্তম উপায় হল আপনার বাড়ির ভিতরে এবং বাইরে যাওয়ার স্বাভাবিক পথ।
- যদি প্রথমটি অবরুদ্ধ হয়ে যায় তবে দ্বিতীয় রুটের (পথ) কথা ভাবুন।
- আপনার পালানোর পরিকল্পনাটি অনুশীলন করতে কয়েক মিনিট সময় নিন।
- আপনার বাড়ির বিন্যাস পরিবর্তন হলে আপনার পরিকল্পনাটি পর্যালোচনা করুন।

**দরজা এবং জানালার চাবিগুলি রাখুন যেখানে সবাই তাদের খুঁজে পেতে পারে।**



**সেরা উপদেশ**



**পালানোর একটি পথের পরিকল্পনা করুন**

## আগুন লাগলে কী করবেন

**নিজে আগুন নেভানোর কাজ করবেন না। কাজটি পেশাদারদের উপর ছেড়ে দিন।**

- শান্ত থাকুন এবং দ্রুত কাজ করুন, যত তাড়াতাড়ি সম্ভব সবাইকে বের করে দিন।
- কী ঘটেছে তা তদন্ত করতে বা মূল্যবান জিনিসগুলি উদ্ধার করতে সময় নষ্ট করবেন না।
- যদি ধোঁয়া থাকে, তবে নিচের দিকে থাকুন যেখানে বাতাস তুলনামূলকভাবে পরিষ্কার থাকে।
- দরজা খোলার আগে দেখে নিন সেটি গরম কিনা। যদি তাই হয় তবে এটি খুলবেন না - আগুন অন্য দিকে রয়েছে।
- আপনি বিল্ডিং থেকে দূরে চলে যাওয়ার সাথে সাথে 999 এ কল করুন। 999 নম্বরে ফোন করতে পয়সা লাগে না।

**সেরা উপদেশ**




**বেরিয়ে যান, বাইরে থাকুন এবং 999 নম্বরে ফোন করুন**



## আপনার পালানোর পথ যদি বন্ধ থাকে তাহলে কী করবেন

**আপনি যদি বাইরে যেতে না পারেন তবে সবাইকে একটি কক্ষে নিয়ে যান, আদর্শভাবে যেখানে একটি জানালা রয়েছে এবং একটি ফোন রয়েছে।**

- ধোঁয়া বের করার জন্য দরজার নীচে বিছানার চাদর-তোষক ইত্যাদি রাখুন।
- 999 নম্বরে কল করুন, তারপর জানালা খুলুন এবং "আগুন লেগেছে, সাহায্য করুন" বলে চিৎকার করুন।
- আপনি যদি গ্রাউন্ড বা প্রথম তলায় থাকেন তবে আপনি একটি জানালা দিয়ে পালাতে সক্ষম হতে পারেন।
- আপনার নামাকে পড়াকে নিরাপদ করতে বিছানার সামগ্রী (লেপ্-তোষক ইত্যাদি) ব্যবহার করুন এবং সাবধানে নিজেকে নীচে নামিয়ে নিন। লাফ দিবেন না।
- জানালা খুলতে না পারলে নীচের কোণার কাচ ভেঙে দিন। তোয়ালে বা কম্বল দিয়ে সূচাগ্র প্রান্তগুলি নিরাপদ করুন।



## আপনার পোশাকে আগুন লাগলে কী করবেন

- চারপাশে দৌড়াবেন না, আপনি আগুনকে আরও খারাপ করে তুলবেন।
- শুয়ে পড়ুন এবং গড়াগড়ি দিন। এতে আগুন ছড়িয়ে পড়াকে কঠিন করে তোলে।
- একটি কোট বা কম্বলের মতো একটি ভারী জিনিস দিয়ে আগুনের লেলিহান শিখাকে নিভিয়ে ফেলুন।
- মনে রাখবেন, থামুন, পড়ে যান এবং গড়াগড়ি দিন!



থামুন! পড়ে যান! গড়াগড়ি দিন!



## কিভাবে একটি উচ্চ বিল্ডিং থেকে পালাতে হবে

- নিশ্চিত করুন যে আপনি, এবং আপনার বাড়ির সবাই, আপনার বিল্ডিংয়ের জন্য ফায়ার প্ল্যান (অগ্নি পরিকল্পনা) এবং ফায়ার অ্যালার্ম এবং ফায়ার এক্সিটগুলি (বহিঃর্দ্বার) কোথায় রয়েছে তা জানেন। সকল বিল্ডিংগুলোর মতো, আপনারও একটি পালানোর পথ পরিকল্পনা এবং অনুশীলন করা উচিত।
- আগুন লাগলে লিফট এবং ব্যালকনি ব্যবহার করা এড়িয়ে চলুন।
- ধোঁয়ায় বিভ্রান্ত হওয়া সহজ, তাই সিঁড়িতে পৌঁছানোর জন্য আপনাকে কতগুলি দরজা দিয়ে যেতে হবে তা গণনা করুন।
- পরীক্ষা করে দেখুন যে আপনার পথটি পরিষ্কার এবং করিডোর বা সিঁড়িতে এমন কিছু নেই যেটিতে আগুন ধরতে পারে - যেমন বাক্স বা আবর্জনা
- সিঁড়ির দরজাগুলি তালা মারা নেই তা নিশ্চিত করুন।
- আপনার নিজের বাড়ির জন্য এখনও স্মোক অ্যালার্ম পাওয়া উচিত, এমনকি যদি ব্লকে একটি সতর্কতা ব্যবস্থা থাকে।





# ঘুমাতে যাওয়ার আগে পরীক্ষা করুন




ঘুমের সময় আপনি আগুন থেকে বেশি ঝুঁকিতে থাকেন। সুতরাং আপনি বিছানায় যাওয়ার আগে আপনার বাড়িটি পরীক্ষা করা একটি ভাল ধারণা।




## পরীক্ষার তালিকা

- আগুন ছড়িয়ে পড়া রোধ করার জন্য রাতে অভ্যন্তরীণ দরজাগুলি বন্ধ করুন। ☐
- বৈদ্যুতিক সরঞ্জামগুলি বন্ধ করুণ এবং সেগুলোর প্লাগ খুলে ফেলুন, যদিনা সেগুলো চালু রাখার উপযোগী করে তৈরি করা হয় – যেওন্ন আপনার ফ্রিজার। ☐
- আপনার কুকার বন্ধ আছে কিনা তা পরীক্ষা করুন। ☐
- ওয়াশিং মেশিন, টাম্বল ড্রায়ার এবং ডিশওয়াশারের মতো এপ্লায়েন্সগুলো রাতে চালাবেন না। ☐
- হিটারগুলি বন্ধ করুন এবং ফায়ারগার্ডগুলি স্থাপন করুন। ☐
- মোমবাতি এবং সিগারেট সম্পূর্ণরূপে নিভিয়ে ফেলুন। ☐
- প্রস্থানগুলি পরিষ্কার রাখা হয়েছে তা নিশ্চিত করুন। ☐
- দরজা এবং জানালার চাবিগুলি এমন স্থানে রাখুন যেখানে সবাই সেগুলো খুঁজে পেতে পারে। ☐



রাতে অভ্যন্তরীণ দরজাগুলি বন্ধ করুন।



# স্মোক অ্যালার্ম

# জীবন বাঁচায়

আগুন লাগলে, বেরিয়ে আসুন, বাইরে থাকুন এবং 999 এ কল করুন।

আপনার এবং আপনার বাড়ির জন্য সুনির্দিষ্ট পরামর্শের জন্য, **www.ohfsc.co.uk** এ যান এবং আপনার নিজের বাড়ির অগ্নি নিরাপত্তা পরীক্ষা সম্পূর্ণ করুন।

সেরা উপদেশ

**বেরিয়ে যান, বাইরে থাকুন এবং 999 নম্বরে ফোন করুন**

FS069_BN ©ক্রাউন কপিরাইট 2022
হোম অফিস কর্তৃক প্রকাশিত। জুন 2022
সংস্করণ 4

ISBN 978-1409845973